

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৩১

১৮/ জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/২৬. মুশরিকদের পাত্রে আহার করা

بَابِ الْأَكْلِ فِي قُدُورِ الْمُشْرِكِينَ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، حَدَّتَنَا أَبُو أُسَامَة، حَدَّتَنِي أَبُو فَرْوَة، يَزِيدُ بْنُ سِنَانٍ حَدَّتَنِي عُرْوَةُ بَنُ، رُوَيْمٍ اللَّخْمِيُّ، عَنْ أَبِي تَعْلَبَةَ الْخُشَنِيِّ، _ قَالَ وَلَقِيَهُ وَكَلَّمَهُ _ قَالَ أَتَيْتُ رَسُولَ اللَّهِ مُنُه، رُوَيْمٍ اللَّخْمِيُّ، عَنْ أَبِي تَعْلَبَةَ الْخُشَنِيِّ، _ قَالَ وَلَقِيَهُ وَكَلَّمَهُ _ قَالَ أَتَيْتُ رَسُولَ اللَّهِ عَدُورُ الْمُشْرِكِينَ نَطْبُخُ فِيهَا قَالَ " لاَ صلى الله عليه وسلم فَسَأَلْتُهُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ قُدُورُ الْمُشْرِكِينَ نَطْبُخُ فِيهَا قَالَ " لاَ تَطْبُخُوا فِيهَا ". قُلْتُ فَإِن احْتَجْنَا إِلَيْهَا فَلَمْ نَجِدْ مِنْهَا بُدًّا قَالَ " فَارْحَضُوهَا رَحْضًا حَسَنًا ثُمَّ اطْبُخُوا وَكُلُوا ".

বাংলা

২/২৮৩১। আবূ সা'লাবা আল-খুশানী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে তাঁকে জিজ্ঞেস করলাম, ইয়া রাসূলাল্লাহ! মুশরিকদের হাঁড়ি-পাতিলে কি আমরা রান্না করবো? তিনি বলেনঃ তোমরা তাতে রান্না করো না। আমি বললাম, আমরা যদি এর মুখাপেক্ষী হয়ে পড়ি এবং সেগুলো ছাড়া যদি আমরা পাত্র না পাই? তিনি বলেনঃ তাহলে তোমরা তা উত্তমরূপে ধুয়ে নাও, অতঃপর তাতে রান্না করো এবং আহার করো।

English

'Urwah bin Ruwaim Al-Lakhmi narrated that Abu Tha'labah Al-Khushani – whom he said he met and spoke with – said:

"I came to the Messenger of Allah (ﷺ) and asked him: 'O Messenger of Allah! Can we cook in the vessels of the idolaters?' He said: 'Do not cook in them.' I said: 'What if we need them and cannot find anything else?' He said: 'Wash them well, then cook and eat.'"

ফুটনোট



আবূ দাউদ ৩৮৩৯, আল-ইরওয়া ৩৭।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু ফারওয়াহ ইয়াযীদ বিন সিনান সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি হাদিস গ্রহনে শিথিল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০০১, ৩২/১৫৫ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহিহ কিন্তু আবু ফারওয়াহ ইয়াযীদ বিন সিনান এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৭৯ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫৪৭৮, ৫৪৮৮, ৫৪৯৫, মুসলিম ১৯৩২, তিরমিযি ১৫৬০, ১৭৯৬, আবু দাউদ ৩৮৩৯, দারিমী ২৪৯৯, আহমাদ ১৭২৭৭, ১৭২৯৮, দারাকুতনী ৪৭৫৬, মুসান্নাফ আবদুর রাযযাক ৫৮০৩, ১০১৫১, শারহুস সুন্নাহ ২৭৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'লাবাহ্ আল খুশানী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন